

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.wewb.gov.bd

নং- ৪৯.০৪.০০০০.০০৪.১৮.১৬৭.১৮(০৫)-৪৯

তারিখ: ১৭ এপ্রিল, ২০১৯

বিষয়: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন।

সূত্র: প্রকবৈকম এর পত্র নং- ৪৯.০০.০০০০.০৪৩.৯৯.০০৬.১৯-১২৬; তারিখঃ ০৪ এপ্রিল, ২০১৯ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে ২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়নের নিমিত্ত ০৭ সদস্য বিশিষ্ট টিম গঠন করা হলো। কমিটি নিম্নরূপঃ

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	পদবী
১।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)	টিম লিডার
২।	পরিচালক (অর্থ ও কল্যাণ)	সদস্য
৩।	পরিচালক (আইআরপি)	সদস্য
৪।	উপ-পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও প্রশিক্ষণ)	ফোকাল পয়েন্ট
৫।	প্রোগ্রামার (ওয়েব)	সদস্য
৬।	সহকারী পরিচালক (বোর্ড)	সদস্য
৭।	হিসাবরক্ষণ কর্মকর্তা	সদস্য

কার্যপরিধিঃ

১. টিম প্রতি মাসে ন্যূনতম একবার সভা করবে;
২. টিম এপিএ খসড়া প্রস্তুত করবেন;
৩. টিম এপিএ সংশ্লিষ্ট কাজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
৪. টিম লিডার হিসেবে টিমের সদস্যদের মাধ্যমে এপিএ বাস্তবায়নের বিষয়ে নিয়মিত তদারকি করবে;
৫. টিম এপিএ'র অগ্রগতি বিষয়ে মন্ত্রণালয় ও সংস্থার প্রধানকে অবহিত করবে;
৬. এপিএ ফোকাল পয়েন্ট এপিএ সংশ্লিষ্ট সকল প্রশাসনিক কাজ সম্পাদনসহ মন্ত্রণালয়ের সাথে এবং ক্ষেত্রবিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবে; এবং
৭. টিম এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ করবে।

২.০ আগামী ১৮ এপ্রিল ২০১৯ তারিখ সকাল ১০ ঘটিকায় বোর্ডের সভাকক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়নের জন্য সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ জহিরুল ইসলাম)
উপ সচিব

পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ফোন: ০২-৯৩৪৩২৪৭

d.ad@wewb.gov.bd

বিতরণ:

- ১। পরিচালক (অর্থ ও কল্যাণ), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ২। পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ৩। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ৪। উপ-পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ৫। প্রোগ্রামার (ওয়েব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ৬। সহকারী পরিচালক (বোর্ড), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড। (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)
- ২। অফিস নথি।